


পে স্কেলে অন্তর্ভুক্ত না করলে শিক্ষা কার্যক্রম বন্ধের হুমকি

■ সমকাল প্রতিবেদক
চলতি বছরের জুলাই থেকে সরকারি কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের নতুন জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্ত না করলে শিক্ষা কার্যক্রম বন্ধ করে দেওয়া হবে বলে হুমকি দিয়েছেন বেসরকারি শিক্ষকরা। গতকাল রোববার রাজধানীর জাতীয় প্রেস ক্লাবের সামনে বাংলাদেশ শিক্ষক সমিতি আয়োজিত এক মানববন্ধনে এ হুমকি দেন শিক্ষক নেতারা।



মানববন্ধনে সংগঠনের সভাপতি অধ্যক্ষ এম এ আউয়াল সিদ্দিকী বলেন, ১ জুলাই থেকেই বেসরকারি শিক্ষক-কর্মচারীদের নতুন জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্ত করতে হবে। অন্যথায় শিক্ষা কার্যক্রম ব্যাহত হলে এর দায়-দায়িত্ব সরকারকেই নিতে হবে।

সংগঠনের সাধারণ সম্পাদক বিলকিস জামান বলেন, যেদিন থেকে সরকারি কর্মকর্তা-কর্মচারীরা নতুন পে স্কেল অনুযায়ী বেতন-ভাতা পাবেন, সেদিন থেকেই বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারীদের শর্তহীনভাবে নতুন পে স্কেল অনুযায়ী বেতন-ভাতা দিতে হবে। অন্যথায়

অনির্দিষ্টকালের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে তালা খুলিয়ে অবিরাম ধর্মঘট পালন করা হবে। শিক্ষক নেতা যোজায়েল হক বলেন, শিক্ষক-কর্মচারীরা কঠোর অবস্থানে যেতে চান না বলেই বিভিন্ন পর্যায়ে আন্দোলন করে সংবাদ সম্মেলনের মাধ্যমে সরকারের সংশ্লিষ্ট মহলে বার্তা পৌঁছে দিতে চান। সরকার অনতিবিলম্বে তাদের দাবি মেনে নেবে বলে তারা আশা প্রকাশ করেন।

মানববন্ধনে সংগঠনটি সরকারের কাছে কয়েকটি দাবিও তুলে ধরে। এগুলোর মধ্যে রয়েছে- সরকারি বিধি অনুযায়ী সব শিক্ষা প্রতিষ্ঠানকে দ্রুত এমপিওভুক্তি, শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ, নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সঙ্গে সংযুক্ত প্রাথমিক শাখার শিক্ষক-কর্মচারীদের দ্রুত এমপিওভুক্তির ব্যবস্থা গ্রহণ ও শিক্ষক-কর্মচারীদের চাকরির বয়স ৬৫ বছরে উন্নীত করা ইত্যাদি।

এ সময় বক্তব্য রাখেন সংগঠনের সহসভাপতি অধ্যক্ষ সমরেদ্রনাথ রায় সমর, আবদুল খালেক, আবদুল মজিদ, সুনীল চন্দ্র পাল, হাসিনা পারভীন প্রমুখ।